

- ৫। ‘আধুনিক কবিতায় প্রকৃতি’ প্রবন্ধটি অবলম্বনে ‘প্রকৃতি’র ধারণাকে বিশ শতকের বাঙালি ও ইউরোপীয় কবিরা কবিতায় কেমনভাবে ব্যবহার করেছেন লেখো।

অথবা

- ৬। অন্নদাশঙ্কর রায় ‘হিন্দু মুসলমান’ প্রবন্ধে ভারতের জাতিগত ঐক্য ও সমন্বয়ের সংস্কৃতির কথা যে যুক্তি দিয়ে স্পষ্ট করেছেন সেগুলি জানাও।
- ৭। মুজতবা আলীর ‘চাচা কাহিনী’ গ্রন্থে চাচার গল্প উপস্থাপনের কৌশল সম্পর্কে পাঠ্য গল্পগুলি অবলম্বনে আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

- ৮। ‘চাচা কাহিনী’-র গল্পগুলিতে আঞ্চলিকতার সঙ্গে বিশ্বজনীনতার মেলবন্ধন কীভাবে ঘটেছে তা তোমার পাঠ্য যে কোনো দুটি গল্প অবলম্বনে ব্যাখ্যা করো।
- ৯। জার্নাল বলতে কী বোঝ? ‘সুনন্দর জার্নাল’-এ ‘কমনম্যান বাঙালি’ বা ‘সাধারণ মানুষ’ সুনন্দ কীভাবে ষাটের দশকের বাংলার সামাজিক চালচিত্র উপস্থাপিত করেছেন তা দৃষ্টান্তসহ আলোচনা করে বুঝিয়ে দাও।

অথবা

- ১০। ‘সুনন্দর জার্নাল’-এর ‘খেয়ালী লেখাগুলো’ কীভাবে ষাটের দশকের বাংলা ও বাঙালির ‘জীবন-ইতিহাস’ হয়ে উঠেছে দৃষ্টান্তসহ ব্যাখ্যা করো।

## কলা স্নাতক অন্ত্য-সিমেন্টার পরীক্ষা, ২০২৩

( তৃতীয় বর্ষ, দ্বিতীয় সিমেন্টার )

বাংলা

কোর্স : ইউ. জি – ৬.১

বিশ শতকের বাংলা গল্প ও অন্যান্য গদ্য

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও। প্রশ্নগুলির মান সমান।

- ১। বিভূতিভূষণের ‘পুঁইমাচা’ গল্পটি কবে, কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়েছিল? এই গল্পে লেখকের প্রকৃতিপ্রেম কীভাবে ধরা দেয় তা তোমার নিজের ভাষায় লেখো। ১+৯=১০

অথবা

- ২। তেভাগা আন্দোলনের প্রেক্ষাপটে লেখা মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘ছোট বকুলপুরের যাত্রী’ গল্পে রাজনৈতিক জীবনবোধের যে পরিচয় পাওয়া যায় তার পরিচয় দাও।
- ৩। “কে এই উৎকট দাম্পত্যসমস্যার সমাধান করিবে? আমার কন্ম নয়।” কথকের তৈরি করা এই ‘উৎকট দাম্পত্যসমস্যার’ পরিচয় দাও। এই সমস্যা সমাধানের দায়িত্ব কথক যে বিশেষ কয়েকজন লেখকের ওপর ন্যস্ত করতে চেয়েছেন তার বিশেষ কোনো কারণ আছে বলে কি তোমার মনে হয়? আলোচনা করো। ৭+৩=১০

অথবা

- ৪। গল্পের নাম ‘স্টেভ’। গল্পের ভেতরেও আগাগোড়াই থাকে তার সশব্দ উপস্থিতি। শশিভূষণ, বাসন্তী ও মল্লিকার যাপনে প্রতি মুহূর্তে বিস্ফোরণের আশঙ্কা জাগানো এই স্টেভের উপস্থিতিকে তুমি কীভাবে পড়তে চাও জানাও।